



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ি, কুমিল্লা।

স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/১০৭৭৫

তারিখ: ২৪/০৩/২০১৬খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতে (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী সহকারী অধ্যাপক: ৩৫৫০০-৬৭০১০/- এবং প্রভাষক: ২৩০০০-৫৫৪৭০/-) নিম্নবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	বিভাগ, পদ ও বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	পদার্থবিজ্ঞান বিভাগ ক) সহকারী অধ্যাপক: ০১ জন খ) প্রভাষক: ০১ জন	ক) সহকারী অধ্যাপক: প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে এবং স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৩.৬০ থাকতে হবে। উল্লিখিত শর্তাবলী পূরণসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে কর্মরত অথবা প্রভাষক হিসেবে ০৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা ও স্বীকৃত জার্নালে কমপক্ষে ০১টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। উল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে উচ্চতর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
০২	রসায়ন বিভাগ প্রভাষক: ০১ জন	
০৩	পরিসংখ্যান বিভাগ প্রভাষক: ০১ জন	
০৪	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ প্রভাষক: ০১ জন	খ) প্রভাষক: প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে এবং স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৩.৬০ থাকতে হবে। উল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে উচ্চতর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
০৫	বাংলা বিভাগ প্রভাষক: ০১ জন	প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় উভয়টিতেই প্রথম বিভাগ অথবা যেকোন একটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ ও অপরটিতে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে এবং স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর পরীক্ষায় যেকোন একটিতে প্রথম শ্রেণী এবং অপরটিতে ন্যূনতম ৫৫% নম্বরসহ দ্বিতীয় শ্রেণী অথবা উভয়টিতে ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। উল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে উচ্চতর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

শর্তাবলী:

- সকল আবেদনপত্র 'রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কোটবাড়ি, কুমিল্লা' বরাবর আগামী ১৭/০৪/২০১৬খ্রি. তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.cou.ac.bd) থেকে অথবা ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন (সকাল-৯.০০ টা থেকে বিকাল-৫.০০টা) রেজিস্ট্রার দপ্তর থেকে সংগ্রহ করতে হবে।
- (ক) প্রার্থীদেরকে সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ ০৭ (সাত) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) সকল পরীক্ষার সনদপত্র, মার্কস সার্টিফিকেট, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (যদি থাকে বা প্রয়োজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, অন্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামসহ সীলযুক্ত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(গ) পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামসহ সীলযুক্ত) মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকিট সমেত ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে।
- প্রার্থীদেরকে রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বরাবর, জন্মতা ব্যাংক লিমিটেড, কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা, কোটবাড়ি, কুমিল্লা এর অনুকূলে জন্মতা ব্যাংক লিমিটেড এর যেকোন শাখা হতে ৫০০/-টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীদেরকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা/পিতামহ/মাতামহ অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রাপ্ত আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থীত পদের নাম এবং মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপরে স্পষ্ট করে লিখতে হবে।
- প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন এবং পদের সংখ্যা বাড়ানো/কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(মো: মজিবুর রহমান মজুমদার)

রেজিস্ট্রার

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।